দৈনিক ইনকিলাব

তারিখ ...... 6 APR 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৬ ......

# মাদরাসার শিক্ষায় জঙ্গিবাদের শিক্ষা দেয়া হয় না

*-চেয়ারম্যান মাদরাসা শিক্ষা বোর্ড*

স্টাফ রিপোর্টার

গতকাল বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড মিলনায়তনে সুষ্ঠু ও নীতি অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ডের অধীনে আসন্ন আলিম পরীক্ষা গ্রহণের নিমিত্তে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অংশগ্রহণে এক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ ইউসুফ। সভাপতির বক্তব্যে প্রফেসর

শেষ পৃঃ ১২ কঃ ৬

## চেয়ারম্যান মাদরাসা শিক্ষা বোর্ড

*১৬-এর পৃষ্ঠার পর*

মোঃ ইউসুফ বলেন, মাদরাসা শিক্ষা একজন মানুষকে নৈতিক শিক্ষা দান করে, চারিত্রিক উৎকর্ষতা আনে, ধর্মভীরু হতে সহায়তা করে, আদর্শ সুন্দর মানুষ হতে শেখায়। তিনি বলেন মাদরাসা শিক্ষায় জঙ্গিবাদের শিক্ষা দেয়া হয় না। সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ ময়েজ উদ্দিন বলেন, পর্যায়ক্রমে মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে গ্রহণ করা যাচ্ছে এবং এ ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, মাদরাসা শিক্ষায় ছাত্রদের আরও আগ্রহী করে তুলতে হবে। তিনি ছাত্রদের লেখাপড়ার মান উন্নয়নে শিক্ষকদের অগ্রণী ভূমিকা পালন করার আহবান জানান। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের বোর্ডসভার সদস্য হিসাবে বক্তব্যে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহা-সচিব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী বলেন, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে পর্যায়ক্রমে নকল ও অন্যান্য অনিয়ম দূর হয়েছে। আগামীতেও পরীক্ষা সুষ্ঠু ও নিয়মানুযায়ী পরিচালনা করার জন্য তিনি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি আহবান জানান। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, ইনশাআল্লাহ আগামীতেও মাদরাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা হবে। তিনি আরও বলেন, এক শ্রেণীর মানুষ আছেন যারা বলেন, মাদরাসা থেকেই জঙ্গিবাদের সৃষ্টি। কিন্তু এ শিক্ষার সাথে জঙ্গিবাদের কোন সম্পর্ক নেই। মাদরাসা শিক্ষা কুরআন ও হাদীস ভিত্তিক ইসলামী শিক্ষা। মাদরাসায় পড়ে একজন ছাত্র আদর্শ মানুষরূপে গড়ে ওঠে। অতীতেও মাদরাসার সাথে জঙ্গিবাদের কোন সম্পর্ক ছিল না, এখনও নেই, ভবিষ্যতেও থাকবে না। তিনি আরও বলেন, সাধারণ শিক্ষার মতই সকল সুযোগ সুবিধা মাদরাসা শিক্ষা ধারায় রয়েছে। মাদরাসার ছাত্ররা সমাজ ও দেশের বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণও করছে। তিনি মাদরাসা শিক্ষকদের শিক্ষা দানে আরও আন্তরিক হওয়ার আহবান জানান। তিনি মাদরাসা শিক্ষায় বিরাজমান সমস্যাসমূহ শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ ময়েজ উদ্দিনের মাধ্যমে সরকারকে অবহিত করেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের যুগ্ম মহা-সচিব অধ্যক্ষ মাওলানা মোঃ হাদীউজ্জামান। সভা পরিচালনা করেন বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ কামরুল হাসান।